আমার ঘুর লেগেছে— তাধিন্ তাধিন্ ।
তোমার পিছন পিছন নেচে নেচে ঘুর লেগেছে তাধিন্ তাধিন্ ।
তোমার তালে আমার চরণ চলে, শুনতে না পাই কে কী বলে—
তাধিন্ তাধিন্ ।
তোমার গানে আমার প্রাণে যে কোন্ পাগল ছিল সেই জেগেছে—
তাধিন্ তাধিন্ ।
আমার লাজের বাঁধন সাজের বাঁধন খ'সে গেল ভজন সাধন—
তাধিন্ তাধিন্ ।
বিষম নাচের বেগে দোলা লেগে ভাবনা যত সব ভেগেছে—
তাধিন্ তাধিন্ ॥

---

Parjaay: Bichitro
Visit www.geetabitan.com for notation and other detail